




চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | www.cda.gov.bd

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নাসিরাবাদে “সিডিএ স্কয়ার”
প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের

আবেদন ফরম



আবেদন পত্রের ক্রমিক নং:

আবেদন পত্রের শ্রেণি/ক্যাটাগরী:

নাম :

পিতার নাম :

স্বামী / স্ত্রীর নাম :

বর্তমান ঠিকানা :

ফোন :

মোবাইল :

ই-মেইল :



মূল্য : টাকা- ৩০০০/- (অফেরতযোগ্য)

আবেদন পত্রের ক্রমিক নম্বর

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম।
www.cda.gov.bd

ছবি

(২ কপি সত্যায়িত)

আবেদনের শ্রেণি / ক্যাটাগরী

(আঠালো গাম দিয়ে লাগাতে হবে)

“সিডিএ স্কার”

প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের আবেদন ফরম

১। আবেদনকারীর নাম	:	
২। পিতার নাম	:	
৩। মাতার নাম	:	
৪। স্বামী/স্ত্রীর নাম	:	
৫। বর্তমান ঠিকানা	:	
৬। স্থায়ী ঠিকানা	:	
৭। বয়স ও জন্ম তারিখ	:	
৮। জাতীয় পরিচয়পত্র নং	:	(ফটোকপি সংযুক্ত করতে হবে)
৯। TIN নং	:	(ফটোকপি সংযুক্ত করতে হবে)
১০। পেশা (সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থার চাকুরীজীবীর ক্ষেত্রে):		
(ক) পদের নাম:		
(খ) সংস্থার নাম:		
(গ) চাকুরীতে যোগদানের তারিখ:		
(ঙ) বর্তমান কর্মস্থলের ঠিকানা:		
(চ) ফোন/ফ্যাক্স/ই-মেইল:		
(ছ) বেতন স্কেল:		মূল বেতন:
(জ) গ্রেড:		
(ঝ) বাৎসরিক আয়ের পরিমাণ (টাকায়):		
(কথায়):		

১১। পেশা (বেসরকারী/ অন্যান্য) :

পদ ও প্রতিষ্ঠানের নাম :

বাৎসরিক আয়ের পরিমাণ (টাকায়)

১২। জাতীয়তা :

১৩। টেলিফোন/মোবাইল নং/ ই-মেইল:

১৪। ক্যাটাগরি/শ্রেণি :

১৫। টাওয়ার নং :

টাওয়ারের ফ্লোর নং:

১৬। ফ্ল্যাট টাইপ :

১৭। ফ্ল্যাটের পরিমাপ :

বর্গফুট

১৮। জামানতের বিবরণ :

জামানতের পরিমাণ-

টাকা

(কথায়) :

১৯। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং :

ব্যাংকের নাম:

শাখা:

তারিখ:

আমি নিম্নস্বাক্ষরকারী আবেদনপত্রের সাথে বর্ণিত ফ্ল্যাটের অবস্থান, টাইপ, আয়তন, ব্রোশিয়ার ও প্রস্পেক্টাস সম্পর্কে বিশেষভাবে জ্ঞাত হয়ে আবেদন করছি।

স্বাক্ষর

আবেদনকারীর নাম

তারিখ



আবেদনপত্রের সহিত চউক এর নিকট
প্রেরিতব্য।

ব্যাংক জ্বল নং-

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম | www.cda.gov.bd

“সিডিএ স্কয়ার” প্রকল্পের

ফ্ল্যাট বরাদ্দের আবেদনপত্র ও জামানতের টাকা জমা দেওয়ার রসিদ বা প্রাপ্তি স্বীকারপত্র

জনাব/বেগম :

পিতার নাম :

মাতার নাম :

স্বামী/স্ত্রীর নাম :

আবেদনপত্র ও জামানত বাবদ

ব্যাংকের

শাখা হতে

ইস্যুকৃত

তারিখের

নম্বর পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট মূলে

টাকা (কথায়:

বুঝিয়া পাইলাম।

আবেদন পত্রের ক্রমিক নম্বর-

আবেদনের শ্রেণি/ক্যাটাগরী-

ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তার দস্তখত
ও সীলমোহর



আবেদনকারীর অংশ

ব্যাংক জ্বল নং-

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম | www.cda.gov.bd

“সিডিএ স্কয়ার” প্রকল্পের

ফ্ল্যাট বরাদ্দের আবেদনপত্র ও জামানতের টাকা জমা দেওয়ার রসিদ বা প্রাপ্তি স্বীকারপত্র

জনাব/বেগম :

পিতার নাম :

মাতার নাম :

স্বামী/স্ত্রীর নাম :

আবেদনপত্র ও জামানত বাবদ

ব্যাংকের

শাখা হতে

ইস্যুকৃত

তারিখের

নম্বর পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট মূলে

টাকা (কথায়:

বুঝিয়া পাইলাম।

আবেদন পত্রের ক্রমিক নম্বর-

আবেদনের শ্রেণি/ক্যাটাগরী-

ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তার দস্তখত
ও সীলমোহর



চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের “সিডিএ স্কয়ার” প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের প্রসপেক্টাস

- ১। ফ্ল্যাট বরাদ্দ লাভের প্রাথমিক যোগ্যতা :- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বিজ্ঞাপিত শর্ত মোতাবেক “সিডিএ স্কয়ার” প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের জন্য যে সকল আবেদন কর্তৃপক্ষ কর্তৃক বাছাইয়ে বৈধ বিবেচিত হবে, ঐ সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দের বিবেচনার জন্য প্রাথমিকভাবে যোগ্য বলে গণ্য হবেন।
- ২। চট্টগ্রাম চট্টগ্রামস্থ নাসিরাবাদে “সিডিএ স্কয়ার” প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দ গ্রহণে আগ্রহী আবেদনকারীকে চট্টগ্রামের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমের সাথে পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে। সাদাকাগজে আবেদন গ্রহণযোগ্য হবেন।
- ৩। আবেদনকারী একাধিক থাকলে সকল ক্যাটাগরী, ফ্লোর, ফ্ল্যাট টাইপ ও ফ্ল্যাট নম্বর উন্মুক্ত লটারী এবং শুধুমাত্র শ্রেণি/ক্যাটাগরী নম্বর ১,৩,৪,৫ এর ক্ষেত্রে নাম্বারিং এর মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দ করা হবে। ফ্ল্যাট বরাদ্দের আবেদনের সাথে জামানত হিসেবে ৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট চেয়ারম্যান, চট্টগ্রাম বরাবরে দাখিল করতে হবে। লটারীতে বিজয়ী ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতাকে ফ্ল্যাটের অবশিষ্ট মূল্য ৮ বৎসরে ত্রৈ-মাসিক সমান কিস্তিতে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কিস্তি পরিশোধ করা না হলে বিলম্বে পরিশোধিত কিস্তির উপর বিলম্বকালীন সময়ের জন্য ১৬% হারে সুদ প্রদান করতে হবে।
- ৪। প্রত্যেক ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতার জন্য নির্ধারিত ফ্ল্যাটের মূল্য ধার্য করা হয়েছে প্রতি বর্গফুট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। ফ্ল্যাট বরাদ্দের আবেদনের ক্ষেত্রে আবেদনকারীর অবশ্যই আয়ের উৎস থাকতে হবে এবং আবেদনের সাথে টি.আই.এন সনদ দাখিল করতে হবে। প্রত্যেক আবেদনকারীকে চট্টগ্রাম এর নমুনা মোতাবেক ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প হ্রফনামা প্রদান করতে হবে।
- ৫। শ্রেণিভিত্তিক ফ্ল্যাট সংখ্যা নির্ধারণ :- উপরের অনুচ্ছেদে উল্লেখিত শ্রেণি/ক্যাটাগরীর আবেদনকারীর অনুকূলে বরাদ্দযোগ্য ফ্ল্যাটের সংখ্যার অনুপাতে নিম্নোক্ত হারে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে-

ক্রমিক নং	শ্রেণি/ক্যাটাগরী	শতকরা হার	ফ্ল্যাটের সংখ্যা
১	মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য	৫.০০	৮ টি
২	জনপ্রতিনিধি (মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী/সংসদ সদস্য)	৩.০০	৫ টি
৩	বিচারপতি (হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগের বিচারপতি)	২.০০	৩ টি
৪	প্রতিরক্ষা বাহিনীর সদস্য (সামরিক ও আধা-সামরিক বাহিনী) (চাকুরীরত/অবসরপ্রাপ্ত)	২.০০	৩ টি
৫	সরকারী, আধাসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী (চাকুরীরত/অবসরপ্রাপ্ত)	২৫.০০	৪১ টি
৬	বেসরকারী চাকুরী- বেসরকারী প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা ও সমপর্যায়ের প্রতিষ্ঠান এবং সমুদ্রগামী জাহাজে কর্মরত কর্মকর্তা/কর্মচারী (চাকুরীরত/অবসরপ্রাপ্ত)	১০.০০	১৭ টি
৭	বুদ্ধিজীবী- শিল্পী/সাহিত্যিক/সংস্কৃতি কর্মী/ক্রীড়াবিদ/সাংবাদিক/আইনজীবী	৫.০০	৮ টি
৮	ব্যবসায়ী ও শিল্পপতি	১০.০০	১৭ টি
৯	বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিক	২৫.০০	৪১ টি
১০	চট্টগ্রাম কর্মকর্তা/কর্মচারী	৩.০০	৫ টি
১১	সংরক্ষিত (মাননীয় মন্ত্রী)	১০.০০	১৭ টি
	সর্বমোট	১০০%	১৬৫ টি

(ক) মুক্তিযোদ্ধা :- মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য ক্যাটাগরীতে আবেদনকারীদের সংশ্লিষ্ট সনদপত্র দাখিল করতে হবে।

(খ) ফ্ল্যাটের প্রাপ্যতা সাপেক্ষে সরকারের মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী/সংসদ সদস্য ও মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রীর মর্যাদা সম্পন্ন ব্যক্তিদের অর্ডার অব প্রেসিডেন্স এর ক্রমানুসারে ফ্ল্যাট বরাদ্দ করা হবে।

(গ) প্রতিরক্ষা বাহিনীর সদস্য (সামরিক ও আধা-সামরিক বাহিনী) (চাকুরীরত/অবসরপ্রাপ্ত) :- প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ সংশ্লিষ্ট বাহিনীর সদর দপ্তরের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে ফ্ল্যাট বরাদ্দের আবেদন করতে পারবেন।

৬। চউক কর্মকর্তা/কর্মচারী: চউক কর্মকর্তা/কর্মচারীদের ফ্ল্যাট বরাদ্দ সংক্রান্ত নিজস্ব নীতিমালা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে। চউক কর্মকর্তা/কর্মচারীগণ সমগ্র চাকুরী জীবনে একটি মাত্র ফ্ল্যাটের বরাদ্দ প্রাপ্ত হবেন। চউক কর্মকর্তা-কর্মচারীগণকেও ফ্ল্যাট বরাদ্দের জন্য সর্বসাধারণের জন্য নির্ধারিত সময়ে ও আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে।

৭। আবেদনকারী লটারীর মাধ্যমে প্রাপ্ত ফ্ল্যাট নিতে বাধ্য থাকবেন। কোন ক্যাটাগরীতে আবেদন কম পাওয়া গেলে বা কোন আবেদন পাওয়া না গেলে অন্যান্য ক্যাটাগরীর প্রাপ্ত আবেদন হতে আনুপাতিক হারে লটারীর মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে।

৮। আবেদনকারীকে সরকারের নির্ধারিত হারে প্রযোজ্য সকল ট্যাক্স/ভ্যাট পরিশোধ করতে হবে।

৯। বাংলাদেশী সকল নাগরিক (ন্যূনতম ১৮ বছর বয়সী) আবেদন করতে পারবে।

১০। যে কোন কিস্তির টাকা নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করা না হলে বরাদ্দ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এক্ষেত্রে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে। তবে পরিশোধিত কিস্তি ও সুদের টাকা বরাদ্দ প্রাপককে ফেরৎ দেয়া হবে।

১১। সম্পূর্ণ প্রিমিয়াম পরিশোধের পর বরাদ্দ গ্রহীতাকে চউকের সাথে ইজারা দলিল সম্পাদন করতে হবে। এক্ষেত্রে যাবতীয় খরচ বরাদ্দ গ্রহীতাকে বহন করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধ করা হলে নির্মাণ কাজ সমাপ্তির পর এপার্টমেন্টের দখল হস্তান্তর করা হবে। কোন কারণে দখল প্রদানে বিলম্ব হলে বরাদ্দ গ্রহীতা কোন প্রকার ক্ষতিপূরণ বা সুদ দাবী করতে পারবেন না। এক্ষেত্রে নির্মাণ কাজ আগে সমাপ্ত হলে বরাদ্দ গ্রহীতা সম্পূর্ণ প্রিমিয়াম পরিশোধের পর একটি চুক্তি সম্পাদনের মাধ্যমে রেজিস্ট্রেশনের পূর্বেও ফ্ল্যাটের দখল বুঝে নিতে পারবে।

১২। প্রতিটি ফ্ল্যাট ৯৯ বৎসরের জন্য ইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ফ্ল্যাটের পরিমাপের সাথে আনুপাতিক হারে জমির Ratio প্রদান করা হবে।

১৩। দলিল সম্পাদনের পূর্বে কোন বরাদ্দ গ্রহীতা তার বরাদ্দ কর্তৃপক্ষের নিকট প্রত্যর্পন করতে পারবেন। তবে এক্ষেত্রে তার জামানত বাজেয়াপ্ত হবে। প্রিমিয়াম ও সুদের টাকা ফেরৎ প্রদান করা হবে।

১৪। ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতা রেজিস্ট্রেশন ও দখল গ্রহণের পর প্রয়োজনে চউক এর অনুমতি সাপেক্ষে ফ্ল্যাট বরাদ্দ নীতিমালা অনুসারে যাবতীয় ফি পরিশোধ করে ফ্ল্যাট হস্তান্তর করতে পারবেন।

১৫। প্রকল্পের আওতায় ১৬৫টি ফ্ল্যাট মালিকের জন্য ১৮৬টি গাড়ী পার্কিংয়ের ব্যবস্থা রাখা হবে। প্রতিটি ফ্ল্যাট মালিককে গাড়ী পার্কিংয়ের জন্য এককালীন ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং ইউটিলিটি বাবদ ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা সর্বশেষ কিস্তির সাথে চেয়ারম্যান, চউক বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূলে পরিশোধ করতে হবে।

১৬। প্রকল্প/বিল্ডিং এর নিরাপত্তা, সামগ্রিক রক্ষণা-বেক্ষণ, জরুরী বিদ্যুৎ ব্যবস্থার জন্য জেনারেটরের জ্বালানী সরবরাহ ও রক্ষণা-বেক্ষণ এবং বিভিন্ন সংস্থার বিল পরিশোধ সহ ইউটিলিটি সার্ভিস এর জন্য বরাদ্দ গ্রহীতাগণ চউক এর অনুমতি সাপেক্ষে একটি কো-অপারেটিভ সোসাইটি গঠন করবেন। কো-অপারেটিভ সোসাইটির একটি গঠনতন্ত্র থাকবে। গঠনতন্ত্র অনুযায়ী ইউটিলিটি সার্ভিস সহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাৎক্ষনিক সমস্যা সমাধানের জন্য কো-অপারেটিভ সোসাইটির নিকট ন্যূনতম ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা রিজার্ভ ফান্ড থাকতে হবে।

১৭। চউক ইউটিলিটি সার্ভিসের মধ্যে বিদ্যুৎ, গ্যাস, পানি, লিফট, সিসিটিভি, ডিস ক্যাবল লাইন, ইন্টারকম, টিএন্ডটি, ইন্টারনেট সংযোগের ব্যবস্থা কেন্দ্রীয়ভাবে প্রদান করা হবে। কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে ইউটিলিটি সার্ভিস প্রদান করতে হবে। প্রতিমাসে নির্দিষ্ট হারে ফ্ল্যাট মালিক হতে সার্ভিস চার্জ কো-অপারেটিভ সোসাইটি আদায় করবেন এবং পরিশোধও করবেন। বকেয়া বিলের জন্য চউক কোনভাবে দায়ী থাকবেন না।

১৮। আবাসিক ফ্ল্যাট/ব্লককে বাণিজ্যিক বা অফিস হিসেবে ব্যতিক্রমী কোন ব্যবহার করা যাবে না।

১৯। ফ্ল্যাটের পরিমাণ সরজমিনে কমবেশী হতে পারে। ফ্ল্যাটের পরিমাণ সরজমিনে কম/বেশী হলে নির্ধারিত মূল্য অনুযায়ী হারাহারিভাবে ফ্ল্যাটের মূল্য পরিশোধ করতে হবে বা ফেরত প্রদান করা হবে।

২০। প্রকল্পের অবকাঠামোগত উন্নয়ন খাতে ব্যয় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ দখল প্রদান বা রেজিস্ট্রি প্রদানের পূর্বে মূল্য বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এক্ষেত্রে বরাদ্দ গ্রহীতা বর্ধিত মূল্য পরিশোধ করতে বাধ্য থাকবেন।

২১। এপার্টমেন্টে/ফ্ল্যাট বাড়ীতে বিদ্যুৎ, পানি ও গ্যাস ইত্যাদির মাসিক বিল ইজারা/বরাদ্দ গ্রহীতা বহন করবেন।

২২। চউক প্রয়োজন বোধে এপার্টমেন্ট এর নির্দিষ্ট ডিজাইন, লে-আউট প্ল্যান এবং অন্যান্য সুবিধাদি অনিবার্য কারণ বশতঃ অথবা ক্রেতাদের বৃহত্তর স্বার্থে পরিবর্তন করতে পারবে। এক্ষেত্রে বরাদ্দগ্রহীতাগণ কোনরূপ অভিযোগ উত্থাপন করতে পারবেন না।

২৩। চউকের নিজস্ব জমির উপর সেমিবেইসমেন্টসহ ২টি ১৭তলা ও ১টি ১৮তলা পরস্পর সংযুক্ত ভবনত্রয়ের ৩য় তলা হতে ১৭তম তলা পর্যন্ত প্রতিটি ফ্লোরে ১১টি ফ্ল্যাট হিসেবে মোট ১৬৫ টি ফ্ল্যাট তৈরী করা হবে। ভবনের ২য় তলা, নীচতলা ও সেমিবেইসমেন্টসহ তিন ফ্লোরে গাড়ী পার্কিং এবং অন্যান্য সুবিধাদি এর জন্য রিজার্ভ রাখা হয়েছে।

২৪। বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকগণ ওয়েব সাইট থেকে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। এক্ষেত্রে আবেদন ফরমের মূল্য বাবদ অতিরিক্ত ৩,০০০/- টাকা, জামানত হিসাবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সাথে চেয়ারম্যান, চউক এর বরাবরে দাখিল করতে হবে। ওয়েব সাইট থেকে সংগৃহীত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে পূর্বালী ব্যাংক লিঃ, চউক শাখায় জমা করতে হবে।

২৫। আবেদনপত্রের যেকোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন এবং আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৬। যে কোন ধরণের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে চউগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৭। আবেদনকারীর নিজ নামে, নির্ভরশীল স্ত্রী/স্বামী/পুত্র-কন্যা বা পোষ্যের নামে কিংবা বেনামে চউগ্রাম মেট্রোপলিটন এলাকার মধ্যে ইতোপূর্বে চউগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/অন্য কোন সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/আধা-সরকারী প্রতিষ্ঠান হতে ফ্ল্যাট বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি এ ফ্ল্যাট ক্রয়ের জন্য দরখাস্ত করার যোগ্য হবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হলে চউগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে। তবে আবেদনকারীর স্ত্রী যদি কর্মজীবী এবং TIN ধারী হন, তবে তার স্বামী পূর্বে ফ্ল্যাট বরাদ্দ পেয়ে থাকলেও তিনি ফ্ল্যাট বরাদ্দের আবেদন করতে পারবেন।

২৮। বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার পরে বরাদ্দপত্রের যে কোন শর্ত লংঘন করলে বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

২৯। বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী এক বছর সময়সীমার মধ্যে চেয়ারম্যান, চউক বরাবর আবেদন করতে হবে। অবশিষ্ট কিস্তির সমুদয় টাকা ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দপত্র গ্রহণ করে নিয়মিতভাবে পরিশোধ করতে বাধ্য থাকবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাঁর ওয়ারিশগণের উপরও বর্তাবে। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত টাকার ৫ শতাংশ কর্তন করে তিন মাসের মধ্যে বাকী টাকা ফেরৎ দেয়া হবে।

৩০। কৃতকার্য ইজারা গ্রহীতা বা বরাদ্দ গ্রহীতা এমন ভাবে বসবাস করবেন যাতে অন্যান্য ইজারা বা বরাদ্দ গ্রহীতার অসুবিধা না হয়।

৩১। অন্যান্য ব্যাখ্যা ও শর্তাবলী-

(১) “সিডিএ স্ফয়ার” প্রকল্পের তিনটি টাওয়ারের মধ্যে যেকোন একটি টাওয়ারের নির্ধারিত টাইপের ফ্ল্যাটের জন্য আবেদন করা যাবে। প্রসপেক্টাস অনুযায়ী বরাদ্দযোগ্য আবেদনকারীগণকে নির্ধারিত টাইপ অনুযায়ী ফ্লোর ও ফ্ল্যাট নম্বর লটারীর মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে। প্রতিটি ফ্ল্যাটের বিপরীতে একটি করে নির্ধারিত পার্কিং স্পেস বরাদ্দ করা হবে।

(২) কোন শ্রেণী/ক্যাটাগরীতে আবেদনপত্র পাওয়া না গেলে বা আবেদনপত্র কম হওয়ার কারণে কোটা অপূর্ণ থাকলে, কোটার অবশিষ্ট ফ্ল্যাট বরাদ্দ কমিটির সিদ্ধান্ত মোতাবেক ভিন্ন শ্রেণী/ক্যাটাগরীতে বরাদ্দ প্রদান করা যাবে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৩) আবাসিক হিসেবে বরাদ্দকৃত ফ্ল্যাট অনাবাসিক, বাণিজ্যিক কিংবা অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না এবং কোন অবস্থাতেই ফ্ল্যাটের শ্রেণি পরিবর্তন করা যাবে না এ মর্মে বরাদ্দপত্র ও লীজ দলিলে শর্তারোপ করা হবে।

(৪) বয়স গণনার ক্ষেত্রে বছর বলতে ১ (এক) পঞ্জিকা বা এর অংশ বিশেষকে বুঝাবে।

(৫) ফ্ল্যাট বরাদ্দের জন্য নির্বাচিত আবেদনকারীগণ লটারীর মাধ্যমে প্রাপ্ত ফ্ল্যাট (ফ্লোর/ফ্ল্যাট নম্বর) বরাদ্দ গ্রহণে বাধ্য থাকবেন। কোন কারণে আবেদন অনুযায়ী প্রার্থিত টাইপ ও সাইজের ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা সম্ভব না হলে অন্য টাইপ/সাইজের ফ্ল্যাট বরাদ্দ প্রদানের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। তবে ফ্ল্যাট বরাদ্দের পর কোন ফ্ল্যাট অবরাদ্দকৃত থাকলে ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ ফ্ল্যাট পরিবর্তন করতে পারবে।

(৬) মোট চাকুরীকাল বলতে চাকুরীতে নিয়োগের তারিখ হতে আবেদনের তারিখ পর্যন্ত সময়কালকে বুঝাবে তবে কোন আবেদনকারী যদি চাকুরী পরিবর্তনের কারণে একাধিক চাকুরী করে থাকেন, তাহলে তাঁর প্রথম চাকুরীর নিয়োগের তারিখ হতে আবেদনের তারিখ পর্যন্ত সময়কালকে মোট চাকুরীকাল হিসেবে গণনা করা হবে।

(৭) নম্বরের ভিত্তিতে ফ্ল্যাট বরাদ্দের ক্ষেত্রে দু’জন আবেদনকারীর মোট নম্বর একই হলে সেক্ষেত্রে যার বয়স বেশি তিনি অগ্রাধিকার পাবেন। বয়সও একই হলে সেক্ষেত্রে মোট চাকুরীকালের ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ করতে হবে। বয়স এবং চাকুরীকাল একই হলে বেতন স্কেলের ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ করতে হবে।

(৮) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কোন প্রকল্পে আবেদনকারী নিজের নামে ইতোপূর্বে আবাসিক ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত হলে তিনি ফ্ল্যাট বরাদ্দের আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

(৯) বিভিন্ন শ্রেণী/ক্যাটাগরীর ফ্ল্যাটের সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে ভগ্নাংশ দশমিক পাঁচ এর উর্ধ্বে হলে পূর্ণ সংখ্যা গণনা করতে হবে এবং ভগ্নাংশ দশমিক পাঁচ এর নীচে হলে গণনা করা যাবে না।

নমুনা
জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট/নির্বাহী ম্যাজিস্ট্রেট এর আদালত,
সদর, চট্টগ্রাম।

ছবি
(২ কপি সত্যায়িত)

হলফনামা

আমি:	পিতা:	
স্বামী (প্রযোজ্য ক্ষেত্রে):	মাতা:	
স্থায়ী ঠিকানা:		
ধর্ম:	পেশা:	বয়স:

জাতীয়তা-বাংলাদেশী স্বেচ্ছায় ও স্বজ্ঞানে এ মর্মে ঘোষণা ও অংগীকার করিতেছি যে, আমার নিজ নামে বা নির্ভরশীল স্ত্রী/স্বামী/পুত্র-কন্যা বা পোষ্যের নামে কিংবা বেনামে চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার মধ্যে ইতোপূর্বে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/অন্য কোন সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/আধা-সরকারী প্রতিষ্ঠান হইতে আবাসিক ফ্ল্যাট বরাদ্দ গ্রহণ করি নাই।

আমি আরো ঘোষণা করিতেছি যে, আমার উপরোক্ত তথ্যাদি ভুল বা অসত্য প্রমাণিত হইলে চউক আমার কর্তৃক জমাকৃত জামানতের অর্থ, এমনকি ফ্ল্যাট বরাদ্দের পর/ইজারা দলিল সম্পাদন ও দখল দেওয়ার পরও আমার ফ্ল্যাটের বরাদ্দ বা লীজ বাতিল করতঃ জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে এবং ফ্ল্যাট চউক পুনঃ দখল করিতে পারিবে।


উক্ত ঘোষণা সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

হলফকারীর স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত, তিনি আমার সম্মুখে সই করিয়াছেন, আমি তাঁর পরিচয় প্রদানকারী।

এডভোকেট

CDA Square




চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম | www.cda.gov.bd

Phone : 031-625562, 01906 75 86 86

e-mail: info@cda.gov.bd

 Chittagong Development Authority- CDA